

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে সরকারীভাবে যথাযথ সম্মান  
প্রদর্শন সম্পর্কিত সমন্বিত নীতিমালা

আগষ্ট- ২০০৫

# মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে সরকারীভাবে যথাযথ সম্মান প্রদর্শন সম্পর্কিত সমন্বিত নীতিমালা

### ভূমিকা :

বর্তমান গণতান্ত্রিক সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়। বীর মুক্তিযোদ্ধাদের যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় ও সামাজিকভাবে সকলক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে এই মন্ত্রণালয়ের কর্মকান্ড পরিচালিত। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হওয়ার পর বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণ ও মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণসহ সকল কার্যক্রম এই মন্ত্রণালয়ের উপর ন্যস্ত হয়। তারই ধারাবাহিকতায় বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে তাদের সরকারীভাবে/রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শনের জন্য একটি সমন্বিত নীতিমালা প্রণয়ন অপরিহার্য হয়ে পড়ে। এমতাবস্থায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে তাদের যথাযথ সম্মান প্রদর্শনের জন্য এই নীতিমালা প্রণীত হলো যা "বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে সরকারীভাবে যথাযথ সম্মান প্রদর্শন নীতিমালা" হিসাবে গণ্য হবে।

### নীতি-১ঃ বাস্তবায়ন কর্তৃপক্ষ

- (ক) সকল জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন
- (খ) বাংলাদেশ পুলিশ বাহিনী
- (গ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- (ঘ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/জেলা কমান্ড/উপজেলা বা থানা কমান্ড।

### নীতি-২ঃ মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের মানদণ্ড

- (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত সাময়িক সনদপত্রধারী;  
অথবা,
- (খ) এ পর্যন্ত জাতীয় পর্যায়ে প্রস্তুতকৃত ৪টি তালিকার মধ্যে যাদের নাম কমপক্ষে ২টি তালিকায় অন্তর্ভুক্ত আছে;  
অথবা,
- (গ) সশস্ত্র বাহিনী বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ রাইফেলস, আনসার ও ভিডিপি হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধা তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত আছে;  
অথবা,
- (ঘ) যাচাই-বাছাইয়ের মাধ্যমে যাদের নাম গেজেট নোটিফিকেশনের দ্বারা চূড়ান্ত ভাবে প্রকাশ করা হয়েছে বা পরবর্তীতে প্রকাশ করা হবে।

